

## 💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ যুদ্ধ (غَزْوَةُ أُحُدِ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

মুসলিমগণের উচ্চে অবস্থান (السِّيْطَرَةُ عَلَى الْمَوْقِف):

আল্লাহ ও তাঁর রাসূল (ﷺ) এর সিংহ হামযাহ (রাঃ)-এর শাহাদতের ফলে মুসলিমগণের অপূরণীয় ক্ষতি হয়, কিন্তু তা সত্ত্বেও যুদ্ধে মুসলিমগণেরই পাল্লা ভারী থাকে। আবূ বাকর (রাঃ), উমার (রাঃ), আলী (রাঃ), যুবাইর (রাঃ), মুসআব ইবনু উমায়ের (রাঃ), ত্বালহাহ ইবনু উবাইদুল্লাহ (রাঃ), আব্দুল্লাহ ইবনু জাহশ (রাঃ), সা'দ ইবনু মু'আয (রাঃ), সা'দ ইবনু উবাদাহ (রাঃ), সা'দ ইবনু রাবী (রাঃ), নযর ইবনু আনাস (রাঃ), প্রভৃতি মহান ব্যক্তিবর্গ এমন বীরত্বের সাথে যুদ্ধ করেন যে, মুশরিকরা হতোদ্যম ও নিরুৎসাহ হয়ে পড়ে এবং তাদের দেহের শক্তি হ্রাস পায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6249

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন